



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

স্মারক নং-বশিবো/জেএসসি(০২)/২০২৪/২৩৩

তারিখ: ২৩.০৪.২০২৪ খ্রি.

৮ম শ্রেণি ২০২৪ নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত স্কুল এন্ড কলেজ, মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন প্রক্রিয়া Online এর মাধ্যমে সম্পন্ন করার নির্ধারিত ফি, সময়সূচি ও নির্দেশাবলী নিম্নরূপ :

০১। নির্ধারিত ফি ও সময়সূচি:

বিবরণ	শিক্ষার্থী সংখ্যা	রেজি:ফি	রেড ক্রিসেন্ট ফি	ই-সার্ভিস	মোট ফি এর পরিমাণ
ফি এর পরিমাণ	০১ জন	৫০/-	২৪/-	১০/-	৮৪/-

সময়সূচি: সোনালী ই-সেবার মাধ্যমে ফি জমা দেয়ার তারিখ ০২.০৫.২০২৪ হতে ১০.০৫.২০২৪ খ্রি. পর্যন্ত।

০২। সোনালী ই-সেবার মাধ্যমে ফি জমা দেয়ার পর থেকেই Online এ Data entry করা যাবে এবং ২০.০৫.২০২৪ তারিখ পর্যন্ত বহাল থাকবে।

০৩। নিবন্ধনের বয়সসীমা :

(ক) সাধারণ শিক্ষার্থীদের জন্য ৩১.১২.২০২৪ খ্রি. তারিখ এর মধ্যে বয়সসীমা ১২ থেকে ১৭ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ শিক্ষার্থীদের জন্ম তারিখ ০১.০১.২০০৮ খ্রি. হতে ৩১.১২.২০১২ খ্রি. তারিখের মধ্যে হতে হবে।

(খ) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীরা শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯১.৯৯.০০১.২৩-৩০৭, তারিখ: ০৫.০৭.২০২৩ খ্রি. পত্রের সিদ্ধান্তের উপর ভিত্তি করে ৩১.১২.২০২৪ তারিখ পর্যন্ত সর্বোচ্চ ২২ বছর বয়স পর্যন্ত নিবন্ধন করতে পারবে। তবে সেক্ষেত্রে শিক্ষার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অনলাইন ডাটাবেজে নিবন্ধন আবশ্যিক।

০৪। eSIF পূরণের সময় শিক্ষার্থীর পিতা ও মাতার নামের পূর্বে মি:, মিসেস, মৃত, মরহুম, প্রফেসর, মেজর, কর্নেল, ব্রিগেডিয়ার, ডাক্তার, ড. শ্রীযুক্ত, আলহাজ্ব ইত্যাদি এবং নামের শেষে বি এ, এম এ, এফ আর সি এস ইত্যাদি সংযুক্ত করা যাবে না।

০৫। অ-অনুমোদিত বিদ্যালয়সমূহের শিক্ষার্থীরা পার্শ্ববর্তী অনুমোদিত বিদ্যালয় থেকে নিবন্ধন করবে।


০৬। ৮ম শ্রেণির নিবন্ধনের জন্য সরবরাহকৃত Password ব্যবহার করে নিবন্ধন করতে হবে।

০৭। শিক্ষামন্ত্রণালয়ের ১৭.১২.২০২০ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত (২০+২০+২০)= ৬০ টাকা যুব রেডক্রিসেন্ট ফি নির্ধারণ করা হয়েছে। উক্ত ৬০ টাকা হতে ৬০ শতাংশ অর্থাৎ ৩৬ (ছত্রিশ) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেডক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ২৪(চব্বিশ) টাকা শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে।

০৮। অসম্পূর্ণ এবং ভুল তথ্য প্রদান এবং নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করলে তার জন্য প্রতিষ্ঠান প্রধান নিজে দায়ী থাকবেন।

০৯। পিতা ও মাতার ভোটার আইডি কার্ড, পিএসসি সনদ ও জন্ম নিবন্ধন সনদ অনুসারে শিক্ষার্থীর নাম, পিতা/মাতার নাম, জন্ম তারিখ হওয়া আবশ্যিক।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণঃ

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৩। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।

০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

০৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

০৬। সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত) কম্পিউটার কেন্দ্র, বরিশাল।

০৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল)।

০৯। সংরক্ষণ নথি।